# স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) জাতীয় সংসদ ভবনে কমিটির সভাপতি জয়নুল আবেদীনের সভাপতিত্বে বৈঠকটি হয়।

বৈঠকে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি, জননিরাপত্তা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। মাদক ও জুয়াকে দেশের বড় সমস্যাগুলোর মধ্যে উল্লেখ করে এগুলো নিয়ন্ত্রণে আরও কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্ব দেওয়া হয়।

মাদকবিরোধী কার্যক্রমে জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যে সমন্বয় জোরদারের কথা বলা হয়। বৈঠকে জানানো হয়, মাদক নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা এবং প্রয়োজনীয় ট্রাইব্যুনাল ও আদালতের কার্যক্রমসহ বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে।

LENS ASIA

পুলিশে নিয়োগের বিষয়েও বৈঠকে আলোচনা হয়। গত ছয় মাসে কোনো রাজনৈতিক প্রভাব বা দলীয় বিবেচনা ছাড়াই নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখা হয়েছে বলে কমিটিকে জানানো হয়।

এ ছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীনস্থ বিভিন্ন সংস্থার সার্বিক কার্যক্রম একটি উপস্থাপনার মাধ্যমে কমিটির সদস্যদের সামনে তুলে ধরা হয়। একই সঙ্গে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট, খাতভিত্তিক বরাদ্দ এবং ব্যয়ের পরিকল্পনাও উপস্থাপন করা হয়েছে।

বৈঠকে জানানো হয়, চলতি অর্থবছরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য মোট ৩১ হাজার ৯৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে পরিচালন খাতে ২৮ হাজার ৬৩৮ কোটি ৭৯ লাখ টাকা এবং উন্নয়ন খাতে ২ হাজার ৪৬০ কোটি ২১ লাখ টাকা রাখা হয়েছে।

আইনশৃঙ্খলা পরিস্থিতির আরও উন্নতি, জননিরাপত্তা নিশ্চিতকরণ এবং মাদক ও অপরাধ নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট সংস্থাগুলোকে আরও সক্রিয় হওয়ার আহ্বান জানানো হয়। এসব কার্যক্রমে সংসদীয় কমিটির তদারকি ও সহযোগিতা অব্যাহত রাখার বিষয়েও গুরুত্ব দেওয়া হয়েছে।

বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, এলজিআরডি প্রতিমন্ত্রী মীর শাহে আলম, জাতীয় সংসদের হুইপ রকিবুল ইসলাম, হুইপ মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপুসহ কমিটির অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

এ ছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, আইজিপি, অধীনস্থ বিভিন্ন অধিদপ্তরের মহাপরিচালক, ঊর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তা এবং জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারাও বৈঠকে অংশ নেন।